



## ফ্যামিলি কার্ড বিতরণে থাকবে না দলীয় সংশ্লিষ্টতা: সমাজকল্যাণমন্ত্রী



সংগৃহীত ছবি

বিএনপির নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী ফ্যামিলি কার্ড সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করা হবে এবং তথ্য সংগ্রহের কাজে কোনো দলীয় নেতাকর্মী যুক্ত থাকবেন না বলে স্পষ্ট জানিয়েছেন সমাজকল্যাণ ও মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রী ডা. আবু জাফর মোহাম্মদ জাহিদ হোসেন।

মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজধানীর ধানমন্ডিতে নিজ বাসভবনে আয়োজিত জরুরি সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন, একটি মহল পরিকল্পিতভাবে ফ্যামিলি কার্ড কর্মসূচিকে প্রশ্নবিদ্ধ করার চেষ্টা করছে। কোথাও কোথাও কার্ড পাইয়ে দেওয়ার নামে অর্থ দাবি করার অভিযোগও এসেছে। তিনি পরিষ্কার করে বলেন, ধর্ম-বর্ণ নির্বিশেষে দেশের প্রতিটি পরিবার বিনামূল্যে এই কার্ড পাবে। আগামী চার বছরের মধ্যে সারাদেশের সব পরিবারকে এই কর্মসূচির আওতায় আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে এবং পুরো প্রক্রিয়া হবে স্বচ্ছ ও জবাবদিহিমূলক।

জনগণকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, কার্ডের বিনিময়ে কেউ অর্থ বা অন্য কোনো সুবিধা চাইলে তাৎক্ষণিকভাবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, প্রশাসন বা গণমাধ্যমকে জানাতে হবে।

মন্ত্রী আরও জানান, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান নির্দেশ দিয়েছেন—ফ্যামিলি কার্ড নিয়ে যেন কোনো ধরনের অনিয়ম বা দুর্নীতির সুযোগ তৈরি না হয়। অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে কড়াইল বস্তি ও ময়মনসিংহসহ কয়েকটি এলাকায় প্রতারণার প্রাথমিক তথ্য পাওয়া গেছে বলেও উল্লেখ করেন তিনি। এসব অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে বলে জানান সমাজকল্যাণমন্ত্রী।